4117 I 3341 750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু. Rs. 750

भारत

सात सौ पचास रूपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

Admissible under Regn. Rule 21
Duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act III of 1922 and Section 82 (1) of the Calcutta Improvement Act 1911 Schedule I-A ........ No. 23+4
Stamp Duty paid under the Indian Stamp Act 1899 as Amended in 1961 Rs ... 544.50
Aditional duty Paid under the Calcutta Improvement Act 1911 Rs....... 400 P.....00........
Total Rs. 944 P 50.

Fee Paid
A 121.50
E 4.00
N 1.50
127.00

District Sub-Registrar,
24 Parganas. Alipore.

কোবালা গ্রহিত্রীগণ –

১। শ্রীমতী অর্চনা বসু
স্বামী শ্রী অজয় বসু

২। শ্রীমতী সান্ত্বনা রায়
স্বামী ৺ শুভেন্দু শেখর রায়

উভয়ের জাতি হিন্দু পেশা গৃহস্থালী সাং ১১৪ কো২ সেলিমপুর রোড, থানা – যাদবপুর, জেলা ২৪ পরগণা। কলিকাতা ৩১।

কোবালা দাতা –

শ্রী অতিন্দ্র কুমার মিত্র
পিতা শ্রী হৃষিকেশ মিত্র
জাতি হিন্দু পেশা আইন ব্যবসায়, সাকিন ৪৭।১এ হাজরা রোড, থানা বালিগঞ্জ, জেলা ২৪ পরগণা, কলিকাতা ১৯।

২০,০০০ টাকা – বিশ হাজার টাকা মূল্যের নির্দোষ ও নির্দায় অবস্থায় স্থাবর সম্পত্তি বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা।

4171. A. K. Sen, Adv
Alipore

24.7.69

SEAL OF THE DISTRICT SUB-REGISTRAR ALIPORE

750/-
150/-
40/-
4.52

944.52

Atindra Kumar Mitter

Presented for Registration at 1-27 A.M./P.M. on the 1st Day of August 19 69 at the Sadar Registration Office Alipore, 24-Parganas by Atindra Kumar Mitter Executant / Claimant or one of the Executants / Claimants of Attorney for ........ Executant / Claimant under a Power of attorney No ........ for 19....... authenticated by the ........ Registrar of ........

District Sub-Registrar,
24 Parganas.-Alipore.

Son / wife of Harish Kr. Mitter
of 47/1A Hazra Rd
Thana Ballygunj
District Alipore
By Caste Hindu
By profession Landlord

Atindra Kumar Mitter

Thumb Impression is dispensed with.

District Sub-Registrar,
24 Parganas. Alipore.

Amiya Kumar Sen
Son / Wife / Daughter of ........
of Advocate
Thana ........ Judges Court Alipore
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession ........

District Sub-Registrar,
24 Parganas. Alipore.

Amiya Kumar Sen
Advocate

INDIA NON JUDICIAL

१५०रू.

Rs 150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES



কস্য নিম্নের ।ক। তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও চৌহদ্দিস্থিত কমবেশী ./10 পাঁচ কাঠা জমি মায় সর্ব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি আওলাতাদির দরবস্ত হক হকুকের সম্পূর্ণ নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় নিব্যূঢ় স্বত্ত্বে বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জিলা ২৪ পরগণা, সাবরেজেষ্ট্রী আলিপুর থানা সাবেক সদর টালিগঞ্জ হাল যাদবপুর এলাকাধীন সাবেক টালীগঞ্জ মিউনিসিপ্যালিটী হাল কলিকাতা কর্পোরেসান অন্তর্গত জেলা কালেক্টারির ১৫১১২ নম্বর তৌজি ভুক্ত বিগত জেলা জরীপের জে এল নং ৪২ রেঃ সাঃ ৩৭ পরগণা খাসপুর মৌজা শিবপুর গ্রামে ১৫৫ নং খতিয়ানের অন্তর্গত মোট বার্ষিক খাজনা ১৮।৶৩ পাই জমা ভুক্তরায়তি মোকররী স্বত্ব বিশিষ্ট মোট ১-২২ শতক জমির মধ্যে অবিভক্ত অর্দ্ধাংশ -

40RS.






কোবালা দাতা আমার পিতা শ্রী হৃষিকেশ মিত্র মহাশয়ের স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তি মালিক সেরেস্তায় যথারীতি খাজনাদি আদায়ে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে এজমালে খাসে যাবতীয় - মালিকী ও দখলি স্বত্ব পরিচালনে ভোগবান ও দখলিকার থাকাকালে বিগত ইংরাজী ১৯৫২ সালের ১৯ শে ডিসেম্বর তারিখে সম্পাদিত ও ইংরাজী ১৯৫৩ সালের ১৭ ই এপ্রিল তারিখে রেজেষ্ট্রীকৃত একখণ্ড দানপত্র দলিল মূলে তাহার উক্ত স্বত্ব দখলী সম্পত্তির মধ্যে ৪১৯ দাগের তাঁহার অবিভক্ত অংশের ৭৫ শতক জমি মায় উক্ত দানপত্রের তপশীলে বিশেষ রূপে বর্ণিত অন্যান্য জমি তাঁহার আমার প্রতি অপরীসীম স্নেহের নির্দর্শন স্বরূপ কোবালা দাতা আমাকে নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় নিব্যূঢ় স্বত্বে দান করতঃ এক্কালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। কোবালা দাতা আমি তাঁহার উক্ত স্নেহের দান সাদরে গ্রহন করতঃ তাঁহার দানকৃত সম্পত্তি মায় উক্ত ৪১৯ দাগের মোট - ৭৫ শতক জমির অবিভক্ত অর্দ্ধাংশে স্বত্ববান ও দখলিকার হই ও আছি। উক্ত দানপত্র দলিল আলিপুর সাবরেজেষ্ট্রী আফিসের

4Rs50nP

INDIA

चार रुपये पचास नये पैसे

FOUR RUPEES भारत FIFTY NAYE PAISE

चार रुपये पचास नये पैसे

।৪।

১ নম্বর বহির ৪৬ নং ভলিউমে ১৪৯ হইতে ১৬১ নং পৃষ্ঠায় ১৯৫৩ সালের ২৪৯৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। কোবালা দাতা আমি উক্ত দানপত্র মূলে উক্ত ৪১৯ নং দাগের ৭৫ শতক জমির অবিভক্ত অর্দ্ধাংশ মায় অন্যান্য জমি প্রাপ্তে যাবতীয় মালিকী ও দখলি স্বত্ত্ব পরিচালনে খাসে যথারীতি খাজনাদি ও ট্যাক্সাদি আদায়ে মালিক সেরেস্তায় ও কলিকাতা কর্পোরেসানে নিজ নাম পত্তনে আমার অন্য সরিকের সহিত এজমালে পূর্ব্বাধিকারীগনের সময় হইতে দ্বাদশ বৎ সরের বহু ঊর্দ্ধকাল যাবৎ নিরবিচ্ছিন্ন ভাবে প্রকাশ্যে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে ভোগবান ও দখলিকার থাকার দরুন আমার উক্ত সম্পত্তিতে অপর একটি দখল জনিত উক্ত স্বত্ত্বেরও উদ্ভব হইয়াছে বটে।

এক্ষনে কোবালা দাতা আমি উক্ত ৪১৯ দাগের ৭৫ শতক জমি

যাহা বর্ত্তমানে কলিকাতা কর্পোরেসনে ৪৭ ডি মুর এভিনিউ হইতেছে - তাহার মধ্যে নিম্নের ।ক। তপশীলে বিশেষ রূপে বর্ণিত ও চৌহদ্দিস্থিত ও অত্র সহ সংলগ্ন নকসায় লাল সীমা রেখা দ্বারা চিহ্নিত ও A, B, C, ও D অক্ষর দ্বারা প্রদর্শিত কমবেশী ৵১০ পাঁচ কাঠা জমি মায় সর্ব্ব বিধ ইজমেন্ট স্বত্বাদি ও আওলাতাদি নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিব্যূঢ় স্বত্বে বিক্রয়ের ঘোষণা দিলে কোবালা গ্রহিত্রীগণ আপনারা তাহা বেলমোক্তা ২০,০০০৲ বিশ হাজার টাকায় খরিদের প্রস্তাব করায় কোবালা দাতা আমি উক্ত প্রস্তাবে সম্মত হইয়া এক মৌখিক চুক্তিতে চুক্তিবদ্ধ হইয়াছিলাম। এক্ষনে অদ্য তারিখে পোনের সমুদায় টাকা নিম্নের জায়মত নগদ প্রাপ্তে ও তৎ প্রাপ্তি স্বীকারে উক্ত বিক্রীত সম্পত্তিকে ও কোবালা গ্রহিত্রীগণ আপনাদিগকে পোনের সমুদায় টাকার দায় হইতে সম্পূর্ণ রেহাই দিয়া বিক্রীত সম্পত্তিতে খাস ও খোলসা দখল প্রদান করতঃ অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্টরী করিয়া দিয়া উক্ত বিক্রীত ও নিম্নের ।ক। তপশীলে বর্ণিত সম্পত্তি হইতে এককালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হইলাম। কোবালা গ্রহিত্রীগণ আপনারা অদ্যকার তারিখ হইতে কোবালা দাতা আমার যাবতীয় - স্বত্বে স্বত্ববতী ও দখলীকারিনী হইয়া মালিক সেরেস্তায় যথারীতি খাজনাদি - আদায়ে নিজ নাম পত্তন করতঃ পুত্র পৌত্রাদি ওয়ারিসান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে দান বন্ধক বিক্রয় লিজ প্রভৃতি যাবতীয় হস্তান্তর ও গৃহাদি নির্ম্মান প্রভৃতি যাবতীয় রূপান্তর করনের ক্ষমতাযুক্ত পরম সুখে ভোগবতী ও দখলীকারিনী হউন বা থাকুন তাহাতে কোবালা দাতা আমার বা ওয়ারিসান ও স্থলাভিষিক্ত- গনের কস্মিনকালে কোনও প্রকার ওজর আপত্তি থাকিবে না বা চলিবে না করিলেও তাহা সর্ব্বত্র ও সর্ব্বথা বাতিল অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে উক্ত বিক্রীত সম্পত্তি কোবালা দাতা আমি ইতিপূর্বে কাহাকেও বিক্রয় করিবার জন্য চুক্তিবদ্ধ হই নাই বা তাহা কোন প্রকারে দান বন্ধক প্রজাবিলি লিজ প্রভৃতির দায়ে দায়াবদ্ধ করি নাই বা উক্ত-সম্পত্তি সংক্রান্তে বর্ত্তমানে কোনও আদালতে কোনও মালি মোকদ্দমা দায়ের নাই বা কোন আদালত হইতে এটেনুকাল ক্রোকের বা অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ জারী নাই বা তাহা কাহারও খোরপোষের দায়ে বা দেব সেবাদির দায়ে দায়াবদ্ধ নাই বা তাহা কোনও সংস্থা বা সরকার বাহাদুর কর্তৃক-এ্যাকুইজিসান বা রিকুইজিসান হইবার জন্য নোটিশ জারী হয় নাই বা-তাহাতে কোনও প্রজাবিলি করি নাই। উক্ত বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং তাহা কোবালা দাতা আমার বিক্রয় করিবার উত্তম বিক্রয় যোগ্য স্বত্ব বিদ্যমান আছে। উপরি উক্ত উক্তি সমূহের কোনও উক্তি মিথ্যা বলিয়া প্রমানিত হইলে মাফিক আইনে আসিব বা তৎ সংক্রান্তে আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ করিতে বাধ্য থাকিব। যদ্যপি লেখকের ভ্রম বশতঃ বা অন্য কোনও সঙ্গত কারনে বা উক্ত বিক্রীত সম্পত্তিতে কোবালা গ্রহিত্রীগণ আপনাদের স্বত্ব দখল কায়েম ও দৃঢ়ী করনের নিমিত্ত কোনও সংশোধনী দলিলের প্রয়োজন হয় তবে তাহা কোবালা গ্রহিত্রীগণ আপনারা বলিবামাত্র আপনাদের খরচায় সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিব। সরজমিনে উক্ত বিক্রীত সম্পত্তির মোটামুটি উত্তর দিকে পূর্ব্ব পশ্চিমে লম্বা একটি বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্থ কমনপ্যাসেজ আছে। উক্ত কমনপ্যাসেজ অত্র কোবালা সহ সংলগ্ন নকসাতেও প্রদর্শিত রহিল। কোবালা গ্রহিত্রীগণ আপনাদের মায় ওয়ারেসান ও স্থলাভিষিক্ত গনের উক্ত কমনপ্যাসেজের উপরি ভাগ দিয়া গমনাগমনের ও সর্ব্ব প্রকার যান বাহনাদি চলাচলের বর্ত্ম স্বত্ব রহিল ও থাকিবে। আপনারা মায় ওয়ারেসান ও

স্থলাভিষিক্তগণ উক্ত কমনপ্যাসেজের উপরি ভাগ ও তলদেশ দিয়া ইলেকট্রিক, টেলিফোন তার পয়ঃ প্রণালী প্রভৃতির কানেকসান লইতে পারিবেন বটে কিন্তু আপনাদের কার্য্যের দ্বারা কোনও মতেই উক্ত কমনপ্যাসেজের ক্ষতিজনক কার্য্য করিতে পারিবেন না। যদ্যপি উক্ত প্রকার কানেকসানাদি লইবার জন্য উক্ত-কমনপ্যাসেজ খুড়িবার প্রয়োজন হয় তাহা উক্ত কার্য্যাদি সম্পন্ন হইবার পর সত্বর নিজ ব্যয়ে পূর্ব্বাবস্থায় ফিরাইয়া আনিতে বাধ্য রহিলেন ও থাকিবেন।

প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তির পোষকতায় মূল প্রাচীন দলিলাদির সহিত কোবালা দাতা আমার বহুতর অন্যান্য সম্পত্তির স্বত্ব বিজড়িত থাকায় উক্ত দলিলাদি কোবালা গ্রহিত্রীগণ আপনাদিগকে দলিলার্থে অর্পন করিতে পারিলাম না তবে আপনাদের ন্যায় সঙ্গত তলব ও প্রয়োজন মতে পরিদর্শন দিতে ও আদালতে দর্শাইতে মায় ওয়ারিসান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম ও উক্ত দলিলাদি সাধারন জাগতিক ব্যক্তির ন্যায় গচ্ছিত রাখিতে জিম্মাদার রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা যথারীতি লিখিত পঠিত সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং ১৯৬৯ সালের ১লা মোতাবেক বাংলা সন ১৩৭৬ সালের - ১৬ই শ্রাবন।

।ক। তপশীল

বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা ২৪ পরগণা সাবরেজেষ্টী আলিপুর থানা সাবেক সদর টালিগঞ্জ-

।৮।

হাল যাদবপুর সাবেক টালিগঞ্জ মিউনিসিপ্যালিটীর হাল কলিকাতা – কর্পোরেসানের অন্তর্গত জেলা কালেকটারির ১৫১১২ নং তৌজী ভুক্ত বিগত জেলা স্তরীপের জে এল নম্বর ৪২ রে সা নং ৩৭ প্রগণা খাসপুর মৌজা শিবপুর গ্রামে ১৫৫ নং খতিয়ানের অন্তর্গত রায়ত মোকররী স্বত্ব বিশিষ্ট মালিক জমিদার ১০৭ নম্বর আশুতোষ মুখার্জিজ রোড নিবাসী রায় দ্বারকা নাথ চক্রবর্তী বাহাদুর অধীন বার্ষিক ১৮।৴৩ পাই জমা ভুক্ত মোট ১ একর ২২ বাইশ শতক জমির মধ্যে ৪১৯ চার শত উনিশ নম্বর দাগে মোট ৭৫ শতক জমির মধ্যে আমার অবিভক্ত অর্দ্ধাংশে অএ সহ সংলগ্ন নকসায় লাল সীমারেখা দ্বারা রঞ্জিত ও A, B, C, D অক্ষর দ্বারা প্রদর্শিত কমবেশী ।০ পাঁচ কাঠা জমি মায় উক্ত জমির মোটামুটি উত্তর দিকে পূর্ব্ব পশ্চিমেলম্বা ৩২'– ১০" ফুট বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রস্থ কমন প্যাসেজের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি অএ দলিলের বিষয়ীভূত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি খাজনা ১– ১২ পয়সা এক টাকা বার পয়সা বিক্রীত জমি বর্ত্তমানে কলিকাতা কর্পোরেসানের ৪৭ ডি মুর এভিনিউ এর প্রেমিসেসের অংশ হইতেছে।

ইহার চৌহদ্দি ঃ–

উত্তর ঃ– বত্রিশ ফুট দশ ইঞ্চি কমনপ্যাসেজ –

দক্ষিন ঃ– ৪২৪ নম্বর দাগের জমি

পূর্ব্ব ঃ– ৭৮৬ নম্বর দাগের জমি

পশ্চিম ঃ– কোবালা দাতার ৪১৯ নম্বর দাগের – জমি।

১৭।

টাকার জায় –

অদ্য তারিখে নোটে ও নগদে .... ২০,০০০ টাকা মাত্র

মোট - ২০,০০০ টাকা

কথায় - বিশ হাজার টাকা মাত্র

Atindra Kumar Malo

Atindra Kumar Malo


ইসাদি ঃ–

Jagmohan Banerji
41, Durgapur Lane, Cal-27

Ajit Kumar Bose
114 K/2 Selimpur Road, Cal-31

Amiya Kumar Mandal
Advocate

টাইপ কারক –
শ্রী মদন মোহন ঘোষ
আলিপুর জজ কোর্ট


portion of premises
five cattas more or less
of Mouza Shibpore
Santwana Roy & Sm. Archana Bose
Mitter bordered red and marked with letter
B. C. D.
UNDER ACQUISITION
MOOR AVENUE
MOOR AVENUE
SCALE 1"-50'
N
C. S. DAG 416
C. S DAG 417
C. S. DAG 419
C. S. DAG 420
C. S. DAG 424
C. S. DAG 786
COMMON PASSAGE
A
B
C
D
64'-0"
66'-0"
53'-0"

(1)

ইং ১৯৬৯। [illegible]

শ্রীমতী অর্চ্চনা বসু দিং – গ্রহিত্রীগণ

এবং

শ্রী অতিন্দ্র কুমার মিত্র – দাতা

সাফ বিক্রয় কোবালা

দলিল ।

District Sub-Registrar,
24 Parganas, Alipore.

Book I
Volume No. 95
Pages 188 to 193
Being No. 3341
For the Year 1969

District Sub-Registrar,
24 Parganas, Alipore.
2.8.69